নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২৬১ ১১ সেপ্টেম্বর ২০২৫

## সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে ক্যারিয়ার গাইডলাইন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) ক্যারিয়ার গাইডলাইন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর ২০২৫) বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে 'মিট দ্যা এইচআর' শীর্ষক এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আমাদের শিক্ষার্থীরা যেনো কিছু শিখে এ জন্য প্রতিনিয়ত আমরা এ ধরনের সেমিনার এবং প্রশিক্ষণের আয়োজন করছি। এ বছরের শেষ প্রান্তে আমরা আরও বড় পরিসরে একটি জব ফেয়ারের আয়োজন করতে চাই। আমি আশা করবো এ ক্ষেত্রে আমাদের যারা এক্সপার্ট রয়েছেন তারা শিক্ষার্থীদের একাডেমিক পড়াশোনার পাশাপাশি তাদের যে সফট স্কিল রয়েছে সেগুলোকে আরও বৃদ্ধির চেষ্টা করবেন। আমরা শিক্ষার্থীদের যদি জব মার্কেটের জন্য উপযোগী করে গড়ে তুলতে পারি তাহলে সেটাই হবে আমাদের স্বার্থকতা।

এ সময় শিক্ষার্থীদের উদ্দেশে উপাচার্য বলেন, এখান থেকে যে আউটপুট তোমরা পাবে, বিশেষ করে যারা চাকরিদাতা তাদের কোন বিষয়গুলোর প্রতি প্রায়োরিটি রয়েছে সে বিষয়গুলো যদি তোমরা ভালোভাবে আয়ত্ত করতে পারো তাহলে নিঃসন্দেহে তোমরা সফল হবে। আমরা চাই আমাদের শিক্ষার্থীরা হাতে কলমে শিক্ষা গ্রহণ করুক। এ জন্য যতো ধরনের প্রশিক্ষণ দরকার আমরা তার ব্যবস্থা করবো। আমাদের নৈতিক দায়বদ্ধতার জায়গা থেকে আমরা চাই আমাদের শিক্ষার্থীরা যেনো বিশ্বমানের হয়ে গড়ে ওঠে।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথির বক্তব্য রাখেন নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক। সেমিনারে কি-নোট স্পিকার ছিলেন বিডি জবস্ ডটকম লিমিটেডের হেড অব প্রোগ্রামস্ মোহাম্মদ আলী ফিরোজ। সেমিনার স্পিকার হিসেবে ছিলেন আমান বাংলাদেশ লিমিটেডের হেড অব এইচআর এন্ড এডমিন মো. মেহনাজউদ্দিন রুপম, প্রাণ গ্রুপের ডেপুটি ম্যানেজার (এইচআরএম) মো. জুবায়ের হোসেন, নোবিপ্রবি ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক ড. মো. শিবলুর রহমান। প্রোগ্রাম মডারেটর হিসেবে ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক (কিউএ) অধ্যাপক ড. মো. আবদুল কাইয়ুম মাসুদ।

প্রসঙ্গত, ছাত্র পরামর্শ ও নির্দেশনা দপ্তরের উদ্যোগে ও নোবিপ্রবি ক্যারিয়ার ক্লাবের সহযোগিতায় অনুষ্ঠিত সেমিনারে বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ অংশগ্রহণ করে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪